মেহেরপুর জেলা পরিবেশন সমিতির ইফতার মাহফিল ও আলোচনা সভা

মেহেরপুর জেলা পরিবেশন সমিতির উদ্যোগে ইফতার মাহফিল, দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর সেভেন সেন্স রেস্টুরেন্টে এই ইফতার মাহফিল, দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা পরিবেশক সমিতির সভাপতি হাসেম আলী।

জেলা পরিবেশন সমিতির সদস্য সোমেল রানার সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা পরিবেশক সমিতির সাধারণ সম্পাদক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা পরিবেশক সমিতির প্রধান উপদেষ্টা ও চেম্বার অব কমার্সের সভাপতি আলহাজ্ব গোলাম রসূল, চেম্বার অব কমার্সের সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান।

এছাড়া উপস্থিত ছিলেন পরিবেশক সমিতির সহ-সভাপতি আকবর বিশ্বাস, যুগ্ম সাধারণ সম্পাদক বদরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক, দপ্তর সম্পাদক আবু হোসেন কাকন, মফিজুর রহমান, সদস্য সাদরুল ইসলাম নাহিদ, পলাশ প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় সকলের সম্মতিক্রমে ট্রান্সকম বেভারেজ গ্রুপ লিমিটেড এর পণ্য সেভেন আপ ও পেপসি কোম্পানি মেহেরপুর জেলা পরিবেশন সমিতিকে অবজ্ঞা করায় সেভেন আপ ও পেপসির সকল পণ্য মুজিবনগর উপজেলায় আগামী দুই এপ্রিল তারিখ থেকে পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত সকল ব্যবসায়ীকে পণ্য ক্রয় বিক্রয় না করার জন্য অনুরোধ জানিয়েছেন।